তারিখ: 16 SEP 2017
পৃষ্ঠা: ৪ কলাম: ২

দৈনিক
ইত্তেফাক

# মান্দায় ডিগ্রি পরীক্ষার ২২ খাতাসহ দুইজন আটক

■ মান্দা (নওগাঁ) সংবাদদাতা

মান্দায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের চলমান ডিগ্রি পরীক্ষার ওএমআর শিটসহ রসায়ন, হিসাববিজ্ঞান ও মনোবিজ্ঞান বিষয়ের ২২টি লেখা খাতাসহ পৃথক স্থান থেকে দুইজনকে আটক করেছে পুলিশ। বুধবার রাতে ও বৃহস্পতিবার সকালে তাদের আটক করা হয়।

মান্দা থানার ওসি আনিছুর রহমান জানান, ডিগ্রি পরীক্ষায় পাস করানোর চুক্তিতে একটি চক্র মান্দার কুসুম্বা এলাকায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাদা খাতা পরীক্ষার্থীদের দিয়ে লিখিয়ে নিচ্ছিল। এ সংবাদে বুধবার রাত ১১টায় একজন ও বৃহস্পতিবার আরো একজনকে আটক করা হয়। এরা হলেন উপজেলার হোসেন আলী (২২) ও নওগাঁ সদর থানার মেহেদী হাসান। হোসেন আলী ও মেহেদী হাসান জানিয়েছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের একটি চক্রের সাথে তারা এ কাজে লিপ্ত। যেসব পরীক্ষার্থীরা কোন বিষয়ে নিশ্চিত ফেল করবে সে বিষয়ের সাদা খাতা ওই বিশ্ববিদ্যালয় থেকে এনে পরীক্ষার্থীদের দিয়ে পুনরায় লিখিয়ে তারা খাতা বদল করতেন।